19

তারিখ ..22. AUG..1998 ... ...
পৃষ্ঠা ৩ কলাম ১.....

# ঝালকাঠি সরকারী কলেজে শিক্ষার পরিবেশ নাই

ঝালকাঠি সংবাদদাতা ।। সরকারী হওয়ার পর গত প্রায় ২০ দশকে ঝালকাঠি কলেজের অবকাঠামোগত দিক দিয়া বেশ উন্নতি হইলেও অ্যাকাডেমিক ক্ষেত্রে জেলার এক-মাত্র সরকারী কলেজটির করুণদশা বিরাজমান। (৬ষ্ঠ দ্রঃ পৃঃ)

## ঝালকাঠি কলেজের

(৩য় পৃঃ পর)

দেশ স্বাধীন হওয়ার প্রায় এক দশক পর ১৯৮০ সালের ১লা মার্চ কলেজটি সরকারীকরণ করা হয়। ইতিপূর্বে সুগন্ধা নদীর অব্যাহত ভাঙ্গনে তৎকালীন ছাত্রাবাস, কমন-রুম, বিজ্ঞান ভবনসহ বিশাল এলাকা বিলীন হওয়ার পর রাজ-বাড়ি তথা কলেজের মূল ভবন-টির অস্তিত্ব হুমকির সম্মুখীন হইয়া পড়ে। বেসরকারী থাকাকালীন অবস্থাতেই ১৯৭৩ সালে শহরের মাঝ বরাবর উত্তর প্রান্তের প্রায় ৫ একর জমি তৎকালীন সরকার কর্তৃক হুকুমদখল করা হয়। বহু বাধা-বিপত্তি ও প্রতিকূলতা অতিক্রমের পর সেই হুকুমদখলকৃত স্থানে (বর্ত-মান স্থলে) নির্মিত একটি একতলা ভবন ও ২/৩টি টিনশেড গৃহে ৮১/৮২ সালের দিকে কলেজটি স্থানান্ত-রিত হয়। ইতিমধ্যে ঝালকাঠি সর-কারী কলেজের বৃহদায়তন দ্বিতল অট্টালিকা, বিজ্ঞান ভবন এবং অধ্যক্ষের বাসভবন হইলেও ছাত্র-ছাত্রী সংখ্যা হ্রাস পাইয়া বর্তমানে মাত্র ২ শ'তে ঠেকিয়াছে। ইহার মধ্যে ছাত্রী মাত্র ১ জন।

ছাত্র-ছাত্রী আশংকাজনকভাবে কমিয়া যাওয়ার বহুবিধ কারণের মধ্যে—পাঠ্য বিষয়ের স্বল্পতা এবং যে সমস্ত বিষয় আছে সে গুলিতেও শিক্ষকের অভাবই হইতেছে প্রধান। বর্তমানে ঝালকাঠি সরকারী কলেজে অনুমোদিত ৫৪ টি পদে শিক্ষক আছেন মাত্র ২৭ জন। অর্ধেক পদই শূন্য। দীর্ঘ এক যুগেরও অধিককালের মধ্যে অধিকাংশ সময়ে ইংরেজী বিষয়ে একজনও শিক্ষক না থাকা ও অন্যান্য বিষয়ে শিক্ষক স্বল্পতার কারণে এই কলে-জের লেখাপড়া মারাত্মকভাবে বিঘ্নিত হইয়া আসিতেছে। বর্তমানে উচ্চমাধ্যমিক ও স্নাতক শ্রেণীর ১৩টি বিষয়ের মধ্যে শুধু ইতিহাস ও রসায়ন বিষয় ছাড়া প্রতিটি বিষয়েই একাধিক শিক্ষকের পদ শূন্য। এদিকে ঝালকাঠি সরকারী কলেজে '৯৭-'৯৮ শিক্ষাবর্ষ হইতে নূতন ৫টি বিষয় সমাজ বিজ্ঞান, সমাজকল্যাণ, ইসলামিক ষ্টাডিজ, কম্পিউটার বিজ্ঞান এবং পরিসংখ্যান বিভাগ খোলা হইয়াছে। কিন্তু এত-দিনেও সরকারের সংশ্লিষ্ট বিভাগ এই সমস্ত বিষয়ের শিক্ষকের 'সৃষ্ট-পদ' অনুমোদন করে নাই। আজ অবধি ছাত্রাবাস নির্মিত না হওয়ায় গ্রামীণ ছেলেরা এখন আর ঝালকাঠি সরকারী কলেজে ভর্তি হয় না। এছাড়া লাইব্রেরী, ছাত্র কিংবা ছাত্রীদের কমনরুম, ছাত্রসংসদ কক্ষ এবং ক্যান্টিনের কোন ব্যবস্থা নাই। কলেজের মূল ভবন হইতে বিজ্ঞান-ভবনে বর্ষাকালে যাতায়াত করা যায় না। এছাড়া দফায় দফায় বেশীর ভাগ সময় অধ্যক্ষের পদটি শূন্য থাকার কারণে শিক্ষার পরিবেশ এবং প্রশাসনিক ব্যবস্থায় অব্যাহত বিশৃঙ্খলা ঝালাকাঠি সরকারী কলে-জকে অব্যাহতভাবে সকলের কাছে অগ্রহণযোগ্য করিয়া তুলিয়াছে।